



অসহায়দের পাশে ‘সেভ দ্য রুপগঞ্জ’: মানবতার নতুন অভিযাত্রা শুরু



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রুপগঞ্জে মানবতার সেবায় “সেভ দ্য রুপগঞ্জ” নামের একটি উদ্যোগের যাত্রা শুরু হয়েছে। অসহায়দের সহযোগিতা ও সমাজে মানবিক মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্য নিয়ে শনিবার তারাব পৌর অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আজ শনিবার (২০ সেপ্টেম্বর) সকাল ১০টায় তারাব পৌর অডিটোরিয়ামে উদ্বোধন করা হয় সামাজিক ও মানবিক সংগঠন “সেভ দ্য রুপগঞ্জ”-এর অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আহ্বায়ক এড. আব্দুল কুদ্দুছ এবং সম্বলনা করেন শহিদুল্লা গাজী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী এখলাছ উদ্দিন ভূঁইয়া উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রতিষ্ঠাতা সভাপতি লায়ন মোজাম্মেল হক ভূঁইয়া। তিনি বলেন, “এটি কেবল একটি সংগঠন নয়, এটি রুপগঞ্জের অসহায়দের পাশে দাঁড়ানোর অঙ্গীকার। আসুন আমরা সবাই মিলে রুপগঞ্জকে মানবিক রূপে গড়ে তুলি।”

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন সলিমুল্লাহ মেডিকেল কলেজের অধ্যাপক ডা. মোঃ রাশিদুন নবী খান। উদ্বোধক হিসেবে যোগ দেন নারায়ণগঞ্জ জেলা জজকোর্টের পি.পি এড. আবুল কালাম আজাদ।

বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কলামিস্ট ফোরামের মহাসচিব লায়ন মীর আব্দুল আলীম, অধ্যক্ষ জাহাঙ্গীর মালুম, পূর্বাচল নিব্বুম পল্লী রিসোর্টের চেয়ারম্যান আবুল হোসেন, ফার্মাসিস্ট ইউসুফ চৌধুরীসহ বিভিন্ন পেশাজীবী ও সামাজিক ব্যক্তিত্ব।

“সেভ দ্য রুপগঞ্জ”-এর মাধ্যমে স্থানীয় জনগণের জন্য সহায়তা কার্যক্রম, মানবিক উদ্যোগ এবং সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম হাতে নেওয়া হবে বলে আয়োজকরা জানান।